



ছোট ভাইকে বহিষ্কার করায় নেত্রকোণায় পরিদর্শককে কুপিয়েছে বড় ভাই

নেত্রকোণা প্রতিনিধি

নকলের কারাগারে বহিষ্কৃত ছাত্র মনির হোসেনের বড় ভাই সন্ত্রাসী নয়ন মিয়া তেলিগাতি ডিগ্রি কলেজের ব্যবস্থাপনা বিষয়ের অধ্যাপক আবুল কাশেমের ওপর ধারাল অস্ত্র দিয়ে হামলা চালালে তিনি গুরুতর আহত হন। গতকাল বুধবার বিকাল ৩টায় আটপাড়া হাসপাতাল সড়কে এ ঘটনা ঘটে। আহত অধ্যাপক আবুল কাশেমকে মুম্বই অবস্থায় ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট সূত্র জানায়, আটপাড়া কলেজের বাণিজ্য বিভাগের ছাত্র মনির হোসেনকে নকলের অভিযোগে তেলিগাতি কলেজের ওই অধ্যাপক গত ৩০ মে বহিষ্কার করেন।